দূরালপনীঃ+৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website ঃ www.cnfctg.org. www.cnfctg@yahoo.com
E-mailঃ cnfctg@gmail.com. cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং- ৩৫/২০২৫খ্রিঃ তারিখঃ- ২৯/০৫/২০২৫খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি,

**" কেন্দ্রীয় ঔষধাগার ( CMSD ) " কর্তৃক সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহবানকৃত দরপত্রে অংশগ্রহণ হতে বিরত থাকা প্রসঙ্গে।**

এসোসিয়েশনের সকল সম্মানিত সদস্য সি এন্ড এফ এজেন্টগনের সদয় অবগতির জন্যে জানানো যাচ্ছে " কেন্দ্রীয় ঔষধাগার ( CMSD ) " কর্তৃক সি এন্ড এফ এজেন্ট নিয়োগের জন্য আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তি নং-CMSD/SR-2405/NCT/2024-2025/Proc. D-5/12, Date- 22/04/2025 এ কতিপয় অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত আরোপ করা হয়েছে। এ ধরনের শর্তের কারনে যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রাতিষ্ঠানিক স্বক্ষমতা থাকা সত্বেও অধিকাংশ উপযুক্ত সিএন্ডএফ এজেন্ট উক্ত টেন্ডারে অংশগ্রহণের সুযোগ পাচ্ছে না। অবস্থাদৃষ্টে প্রতিয়মান হয় যে, কোন বিশেষ ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সুবিধা প্রদানের জন্যে এরূপ অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও প্রতিবন্ধকতামূলক শর্ত আরোপ করা হয়েছে। দরপত্রে আরোপিত অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সি এন্ড এফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত সমূহ বাতিল/সংশোধন করার জন্যে ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়াডিং এজেন্টস্ এসোসিয়েশন এর পত্র সূত্র নং- এফবিসিসিএন্ডএফএএ/২০২৫/১৫১,তারিখঃ-০৫/০৫/২০২৫খ্রিঃ এর মাধ্যমে কেন্দ্রীয় ঔষধাগার (CMSD ) এর পরিচালক কে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু কেন্দ্রীয় ঔষধাগার (CMSD) কর্তৃপক্ষ ফেডারেশন অব বাংলাদেশ কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়াডিং এজেন্টস্ এসোসিয়েশনের পত্রের আবেদন অনুযায়ী দরপত্রে আরোপিত অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সিএন্ডএফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত সমূহ বাতিল/সংশোধন না করে দরপত্র দাখিলের সময়সীমা বৃদ্ধি করেছেন।

এমতাবস্থায় " কেন্দ্রীয় ঔষধাগার (CMSD)" এর দরপত্রে আরোপিত অযৌক্তিক, অপ্রয়োজনীয় ও সিএন্ডএফ এজেন্ট এর জন্যে প্রতিবন্ধকতামূলক শর্ত সমূহ বাতিল/সংশোধন না করা পর্যন্ত সূত্রোল্লিখিত দরপত্রে অংশগ্রহণ হতে বিরত থাকার জন্যে অনুরোধ জানানো হল।

মোঃ শওকত আলী
সাধারণ সম্পাদক
চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন